

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১২৪-আইন/২০২১/১৩/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর বিধান অনুযায়ী অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে, উক্ত আইনের ধারা ১১ তে উল্লিখিত অর্থনৈতিক অঞ্চলের শিল্প ইউনিট কর্তৃক Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতি সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি এবং নির্মাণ উপকরণ আমদানিতে উহার উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ

- (১) অর্থনৈতিক অঞ্চলের শিল্প ইউনিটকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে।
- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত বিবরণী অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত হইতে হইবে:
তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নির্মাণ সামগ্রী যথা: এমএস রড/বার, সিমেন্ট, পি-ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।
- (৩) অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন এবং নির্মাণের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এইরূপ কোনো পণ্য যথা: অফিস সরঞ্জামাদি, এয়ার কন্ডিশনার, রেফ্রিজারেটর, গৃহস্থালী ব্যবহার্য দ্রব্যাদি, খাদ্যদ্রব্য ও পানীয় এবং অনুরূপ অন্যান্য ভোগ্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

- ২। ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২০৯-আইন/২০১৫/৪৬/
কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।
- ৩। এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।